অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্ট বাফেলোতে প্রাপ্তবয়স্কদের জন্য 65টি ইউনিট সাশ্রয়ীমূল্যের আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা দিয়েছেন

মাউন্টেন্ট অলিভ ব্যাপটিস্ট চার্চের সাথে অংশীদারিত্ব ইস্ট বাফেলো কমিউনিটির সুযোগ ও রিসোর্সসমূহ সম্প্রসারণের জন্য স্টেটের চলমান প্রতিশ্রুতিকে আরো এগিয়ে নিয়ে যায়

গত পাঁচ বছরে, স্টেট বাফেলো সিটিতে 4,660টি সাশ্রয়ীমূল্যের অবাসন তৈরি বা সংরক্ষণ করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানরের নিমার্ণ কাজ শুরু করার ঘোষণা দিয়েছেন যা 55 বছর বা তার চেয়ে বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য 65টি সাশ্রয়ীমূল্যের অ্যাপার্টমেন্ট তৈরি করবে, যার মধ্যে গৃহহীন ব্যক্তিদের জন্য সহায়ক পরিষেবাসহ 20টি অ্যাপার্টমেন্ট রয়েছে। ইস্ট বাফেলো কমিউনিটিতে স্টেটের ঐতিহাসিক 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের উপর ভিত্তি করে 27 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন করা হয়েছে।

"মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর নিরাপদ, টেকসই ও সাশ্রয়ীমূল্যের অবাসন প্রদান করে এমন নতুন উন্নয়নের মাধ্যমে ইস্ট বাফেলো পুনরুদ্ধার করার জন্য আমার প্রশাসনের প্রতিশ্রুতি অব্যাহত রেখেছে," **গভর্নর হোকল বলেন।** "সিনিয়র হাউজিং আমার আবাসন এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ অংশ যাতে নিউ ইয়র্কের প্রবীণরা তাদের বাড়িতে ফিরে এসে কমিউনিটিগুলোতে পরিবার ও প্রিয়জনদের কাছাকাছি থাকতে পারে। আমি মাউন্টেন্ট অলিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন এর মতো বিশ্বাস-ভিত্তিক গোষ্ঠিগুলোর সাথে আমাদের অসাধারণ অংশীদারিত্বকে কাজে লাগাতে থাকব যেটি শক্তিশালী কমিউনিটি তৈরি করে এবং নিউ ইয়র্কবাসীদের উন্নতি ও স্বাধীনভাবে বসবাসের জন্য প্রয়োজনীয় পরিষেবাসমূহের সাথে যুক্ত করে।"

মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত আবাসন পরিকল্পনার অংশ যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে রয়েছে 10,000 দুর্বল জনগোষ্ঠির জন্য সহায়তা পরিষেবাসহ আরো 50,000 বাড়ির বিদ্যুতায়ন।

গত বছর স্থানীয় একটি মুদি দোকানে জাতিগতভাবে উদ্দেশ্যপ্রণোদিত গুলিবর্ষণের ঘটনার পর ইস্ট বাফেলো কমিউনিটির চাহিদা পূরণ করতে স্টেটের বিপুল পরিমাণ বিনিয়োগকে এই উন্নয়নের পরিপূরক করে।

মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর ইস্ট ডেলাভান অ্যাভিনিউয়ের মাউন্টেন্ট অলিভ ব্যাপটিস্ট চার্চের সাথে অংশীদারিত্বের ফলাফল। নতুন তিনতলা ভবনটি গির্জা সংলগ্ন জমিতে নির্মিত হবে এবং এতে এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা এর চেয়ে কম উপার্জনকারী পরিবারের জন্য সাশ্রয়ীমূল্যের 65টি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে।

বাসিন্দাদের স্বাধীনভাবে বাঁচতে সহায়তা করার জন্য বিশটি অ্যাপার্টমেন্ট অন-সাইট সহায়তা পরিষেবা প্রদান করবে। পরিষেবা ও ভাড়ার ভর্তুকি এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ এর মাধ্যমে অর্থায়ন করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের মাধ্যমে পরিচালিত হবে। প্রকল্পটির সহকারি-ডেভলপার ও পিপল ইনকর্পোরেটেড কর্তৃক পরিষেবাগুলো প্রদান করা হবে।

আবাসিক সুবিধাগুলোর মধ্যে রয়েছে রান্নাঘরসহ একটি কমিউনিটি রুম, লন্ড্রি সুবিধা, বাই সাইকেল স্টোরেজ এরিয়া, ম্যানেজমেন্ট অফিস, সাপোর্ট সার্ভিস অফিস, মাল্টিপারপাস রুম, একটি লাউঞ্জ এরিয়া এবং হাঁটার জায়গা এবং অঙ্গিনাসহ একটি বহিঃপ্রাঙ্গণ। প্রকল্পের স্থানটি একাধিক বাস রুটের হাঁটার দূরত্বের মধ্যে রয়েছে।

পরিকল্পনাটিতে বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স ও আলো, কম প্রবাহের প্লাম্বিং ফিক্সচার এবং উচ্চ দক্ষতার যান্ত্রিক সরঞ্জামের মতো বিদ্যুৎ সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলো অন্তর্ভুক্ত থাকবে। নিউ ইয়র্ক স্টেটের ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির মাধ্যমে প্রকল্পটি সংস্কার করা হয়েছিল।

বাসিন্দাদের বয়স বৃদ্ধির সাথে সহায়তা করার জন্য, ভবনটিতে গ্রাব বার, লো-রিচ শেলভিং ও ক্যাবিনেটস, লিভার-স্টাইলের দরজার হ্যান্ডেল, আন্ডার ক্যাবিনেট লাইটিং ও জিরো ট্রানজিশন শাওয়ারের মতো বৈশিষ্ট্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানরের স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট ও 13 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট হোমস ও কমিউনিটি রিনিউয়াল থেকে ভর্তুকি হিসেবে 3.6 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে 4 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। নির্মাণকাজটি নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির আবশ্যিকতা পূরণ করে, যার ফলে প্রত্যাশিত নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ বিভাগ থেকে 3.6 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট প্রদান করা হয়েছে। বাফেলো আরবান রিনিউয়াল এজেন্সি হোম ফান্ডে 2.9 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করেছে।

গত পাঁচ বছরে, HCR বাফেলো সিটিতে 4,655টি সাশ্রয়ীমূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এর কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, "মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর 65টি প্রবীণ পরিবারকে একটি সাশ্রয়ীমূল্যের আরামদায়ক ও সুরক্ষিত বাড়ি প্রদান করবে যাতে তারা মানসিক শান্তি ও একটি ভালোমানের জীবন উপভোগ করতে পারে। মাউন্টেন্ট অলিভ ব্যাপটিস্ট চার্চ এবং পিপল, ইনকর্পোরেটেডের সাথে আমাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ, এই অব্যবহৃত সম্পত্তিটিকে একটি নতুন উদ্দেশ্য দেওয়া হবে যা সম্পূর্ণ ইস্ট বাফেলো কমিউনিটির উপকার করবে। গভর্নর হোকলের নেতৃত্বে আমরা ইস্ট বাফেলো এবং সমগ্র স্টেট জুড়ে বসবাসকারী বাসিন্দাদের জন্য আরো আবাসনের সুযোগ তৈরি করতে থাকব।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিসটেন্সের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর ইস্ট বাফেলোতে পূর্বে গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবার পাশাপাশি, নিরাপদ সাশ্রয়ীমূল্যের আবাসন প্রদান করবে, নতুন স্থায়ী সহায়ক আবাসন ইউনিটগুলোকে অর্থায়নের জন্য গর্ভনর হোকলের অব্যাহত প্রতশ্রুতি তুলে ধরবে। এই উদ্ভাবনী অংশীদারিত্ব জীবনকে স্থিতিশীল করতে সহায়তা করবে এবং বাসিন্দাদের বৃদ্ধ বয়সে শান্তিতে বসবাসের সুযোগ প্রদান করবে, সম্পূর্ণ কমিউনিটির উপকার করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিশনার বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম কমিউনিটির চাহিদাগুলোর ক্ষেত্রে আরো ভালোভাবে সেবা প্রদানের জন্য শত শত পূর্বের শিল্প সাইটগুলোকে উৎপাদনশীল ব্যবহারে ফিরিয়ে দিচ্ছে৷ হোমস এবং কমিউনিটি রিনিউয়ালে আমাদের অংশীদারদের সাথে কাজ করার মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং স্টেট জুড়ে মানুষদের উপকারে আসার জন্য পূর্বে ক্ষতিগ্রস্ত শিল্প সাইটগুলোকে পরিবর্তন করছে এবং অব্যবহৃত সম্পত্তিগুলোকে পুনর্নির্মাণ করছে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "প্রতিটি বাফেলোর বাসিন্দারা বাড়িতে থাকার জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত জায়গা পাবার যোগ্য এবং আমি ইস্ট বাফেলো কমিউনিটিতে সাশ্রয়ীমূল্যের আবাসন এবং কমিউনিটির রিসোর্সসমূহের উভয় ক্ষেত্রেই এই উল্লেখযোগ্য বিনিয়োগ দেখে গর্বিত৷ ফেডারেল লো ইনকাম ট্যাক্স ক্রেডিটগুলোতে 13 মিলিয়ন মার্কিন ডলার যা আমি সুরক্ষিত করার জন্য কঠোর পরিশ্রম করেছি সেগুলো ব্যবহার করার মাধ্যমে পূর্ব বাফেলোতে 55 বছরের বেশি প্রাপ্তবয়স্কদের জন্য 60টি নতুন সাশ্রয়ীমূল্যের অ্যাক্সেসযোগ্য অ্যাপার্টমেন্ট তৈরি করতে এবং আবাসন নিরাপত্তাহীনতার সম্মুখীন কমিউনিটির সদস্যদের অসাধারণ সহায়ক পরিষেবা প্রদান করে এই নতুন উন্নয়ন আমাদের স্টেটের সবচেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের স্বাধীনভাবে বাঁচতে সহায়তা করে। বাফেলো ও পুরো নিউ ইয়র্ক স্টেটে সাশ্রয়ীমূল্যের আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি এবং আমি আবাসনের সরবরাহ বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ীমূল্যের ও বাসযোগ্য করতে লড়াই চালিয়ে যাবো।"

সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন, "সাশ্রয়ীমূল্যের আবাসন বিকল্পের অ্যাক্সেস সম্প্রসারণ করা নিউ ইয়র্কের কমিউনিটিগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আবাসন উন্নয়ন নিশ্চিত করতে সহায়তা করবে যে আমরা ইস্ট বাফেলোর বয়স্কদের গুরুত্বপূর্ণ আবাসন চাহিদাগুলো পূরণ করতে পারি এবং দুর্বল জনগোষ্ঠীর জন্য অত্যন্ত প্রয়োজনীয় সহায়তা পরিষেবা সরবরাহ করতে পারি। ইস্ট বাফেলো কমিউনিটির জন্য এবং স্টেট জুড়ে সাশ্রয়ীমূল্যের আবাসন প্রসারিত করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে সহায়তা করতে পেরে আমি গর্বিত।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "আমাদের দেশ যে সাশ্রয়ীমূল্যের আবাসন সংকটের সম্মুখীন হচ্ছে তা বিশেষভাবে বয়স্ক বাসিন্দাদের জন্য এবং সুবিধাবঞ্চিত এলাকায় বসবাসকারী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সেটা একটা চ্যালেঞ্জের বিষয়। এই স্টেট এবং ফেডারেল অংশীদারিত্বের অধীনে, আমরা ইস্ট বাফেলোর জন্য একটি ভালো ভবিষ্যতের জন্য বিনিয়োগ চালিয়ে যাচ্ছি। মাউন্টেন্ট অলিভ এবং পিপল ইনকর্পোরেটেডের নেতৃত্বের জন্য ধন্যবাদ কারণ বাসিন্দাদের এখন থেকে নিরাপদ এবং সাশ্রয়ীমূল্যের আবাসনের অ্যাক্সেস থাকবে যা তাদের স্বাধীনভাবে বসবাস করার জন্য প্রতিদিন প্রয়োজনীয় সহায়তা প্রদান করে। আমরা ইস্ট বাফেলোতে সুযোগ সৃষ্টি করা অব্যাহত রেখে এই প্রকল্পটি শুরু হতে দেখে গর্বিত।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "এই প্রকল্পটি সাশ্রয়ীমূল্যের আবাসনের সুযোগগুলোতে আরো একটি স্টেটের বিনিয়োগকে চিহ্নিত করে এবং মাউন্টেন্ট অলিভ এবং পিপল ইনকর্পোরেটেড উভয়ই বাফেলো শহরের মধ্যে কমিউনিটি-কেন্দ্রিক স্থানগুলোকে উপযুক্ত করে গড়ে তোলার প্রতিশ্রুতিকে আন্ডারস্কোর করে। নিউ ইয়র্ক স্টেট এটার মতো ভবিষ্যত-কেন্দ্রিক প্রকল্পগুলোকে সহায়তা করা অব্যাহত রাখবে, যা আমাদের আশেপাশের এলাকাগুলোকে শক্তিশালী করবে এবং বাসিন্দাদের পূর্ণ ও প্রাণবন্ত জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সহায়ক পরিষেবাগুলোর সাথে সংযুক্ত করবে।"

অ্যাসেম্বলি মেজরিটি লিডার ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "মাউন্টেন্ট অলিভ ব্যাপটিস্ট চার্চ, পিপল ইনকর্পোরেটেড এবং সমগ্র উন্নয়ন দলকে মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর সম্পূর্ণ করার জন্য অভিনন্দন জানাই। এই প্রকল্পটি প্রয়াত রেভ. ডোয়াইন গিলিসন, সিনিয়র এবং তার সন্তান রেভ. ডোয়াইন গিলিসন, জুনিয়র এর মাধ্যমে পরিচালিত এবং দীর্ঘ সময় লেগেছল। আমি আমার সহকর্মী এবং কমিউনিটির সাথে যোগ্য সিনিয়রদের জন্য নতুন, নিরাপদ, সাশ্রয়ীমূল্যের আবাসন ব্যবস্থার সাথে আরো নিজেকে নিয়োজিত করতে পেরে গর্বিত। আমি গভর্নর হোকলকে এবং NYS ডিভিশন অফ হাউজিং এবং কমিউনিটি রিনিউয়ালকে বাফেলোর ইস্টসাইডে এটি সম্ভব করে তোলার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন, "মাউন্টেন্ট অলিভ সিনিয়র ম্যানর উন্নয়নের ক্ষেত্রে আমাদের শহরে সমতা ভিত্তিক উন্নয়ন এবং সাশ্রয়ীমূল্যের আবাসনের তৈরির জন্য আমার প্রশাসনের ডেডিকেশনকে অব্যাহত রেখেছে। এই প্রকল্পে 2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অবদান রাখতে পেরে সিটি গর্বিত। আমি গভর্নর ক্যাথি হোকলকে আমাদের শহরে 40 শতাংশ সাশ্রয়ীমূল্যের আবাসন তৈরির লক্ষ্যে আমার মিশনে সহায়তা এবং অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই। আমি মাউন্টেন্ট অলিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং পিপল ইনকর্পোরেটেডও ধন্যবাদ জানাই। সিটি দ্বিতীয়বারের মতো মাউন্টেন্ট অলিভের সাথে সাশ্রয়ীমূল্যের আবাসনের

ক্ষেত্রে অংশীদারিত্ব করেছে এবং পঞ্চমবারের মতো আমরা পিপল ইনকর্পোরেটেডের সাথে অংশীদারিত্ব করেছে। আমি উভয় সংস্থার কাজের জন্য এবং আমাদের সফল অংশীদারিত্ব চালিয়ে যেতে পেরে গর্বিত।"

মাউন্টেন্ট অলিভ ব্যাপ্টিস্ট চার্চের প্যাস্টর ডোয়াইন গিলিসন বলেন, "এই যুগান্তকারীর মাধ্যমে কয়েক দশকের লক্ষ্য বাস্তবায়িত হচ্ছে! আমাদের 65-ইউনিটের ফ্যাসিলিটি বাফেলো সিটিতে প্রবীণদের জন্য নিরাপদ এবং সাশ্রয়ীমূল্যের আবাসন প্রদান করবে। আবাসনটি 2025 সালের শরৎকালের মধ্যে সম্পন্ন হবে এমনটা প্রত্যাশা করা হচ্ছে। আমরা নিউ ইয়র্ক স্টেট, সিটি অভ বাফেলো, ইরি কাউন্টি, এই দারুণ প্রকল্পের জন্য অর্থপ্রদানকারী এবং আমাদের নির্বাচিত নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। সকল প্রসংশা ইশ্বরের!"

পিপল প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান ম্যাকক্যাফ্রে বলেন, "এটি আমাদের জন্য একটি দারুণ দিন। আমরা মাউন্টেন্ট অলিভের দ্বারা গুরুত্বপূর্ণ আবাসন বিকল্পগুলোর উন্নয়নে অংশীদার হওয়ার ক্ষেত্রে নির্বাচিত হতে পেরে গর্বিত, যা ইস্ট বাফেলোর বাসিন্দাদের জীবনযাত্রার গুণমানে অবদান রাখবে। সাশ্রয়ীমূল্যের আবাসন উদ্যোগগুলো মানুষকে পরিপূর্ণ এবং উৎপাদনশীল জীবনযাপন করতে সহায়তা করার ক্ষেত্রে পিপল ইনকর্পোরেটেডের মিশনের কেন্দ্রবিন্দু। যারা আমাদের কমিউনিটিতে সাশ্রয়ীমূল্যের আবাসনকে অগ্রাধিকার দিয়েছেন আমরা সেই সকল নির্বাচিত নেতা এবং এজেন্সির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই প্রকল্পটি HOME, PILOT, OTDA এবং HCR তহবিলের মাধ্যমে সিটি অফ বাফেলো, ইরি কাউন্টি এবং নিউ ইয়র্ক স্টেটের সহায়তা ছাড়া সম্ভব হবে না।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন